# "তথ্য প্রাপ্তির অধিকার
# সবার জানা দরকার"

## তথ্য প্রাপ্তির নিয়ম

- যে কোন নাগরিক তথ্য অধিকার আইনে বর্ণিত সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে পারবেন।
- আবেদন প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীর নিকট তথ্য প্রেরণ করতে হবে।
- আবেদনকারী যদি নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না পান তাহলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপিল আবেদন করতে পারবেন।
- আপীল দায়েরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর কাছে তথ্য প্রেরণ অথবা আপিল নিষ্পত্তি করতে হবে।
- আপিল করে তথ্য না পেলে অথবা আপিল আদেশে সংক্ষুব্ধ হলে আবেদনকারী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যদি আবেদন গ্রহণ না করেন, সেক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন।

তথ্য অধিকার আইন ব্যবহার করে রাষ্ট্রের সকল স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং দুর্নীতি হ্রাসসহ সুশাসন প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

**প্রচারে: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মুদ্রণের তারিখ: ০৬ জুন, ২০২৪ খ্রি. (সংখ্যা: ১,০০০ কপি)।